চুয়াডাঙ্গায় দূর্গাপূজা উদযাপন কমিটির সাথে পুলিশ সুপারের মতবিনিময় সভা

শারদীয় দুর্গাপূজা সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে পূজা উদযাপন কমিটির সাথে পুলিশ সুপারের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আসন্ন শারদীয় দুর্গাপূজা সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে জেলা পুলিশের আয়োজনে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে আজ শনিবার সাড়ে দশটাই চুয়াডাঙ্গা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা, বিপিএম- সেবা সভাপতিত্বে জেলা ও উপজেলা পর্যায়ের পূজা উদযাপন সনাতন ধর্মালম্বী নেতৃবৃন্দের সাথে আইন-শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এ সভাপতির বক্তব্য চুয়াডাঙ্গা পুলিশ সুপার বলেন,চুয়াডাঙ্গা জেলায় সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রেখে নিজ নিজ ধর্ম সুষ্ঠুভাবে পালনে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সর্বদা সতর্ক রয়েছে। শান্তিপূর্ণভাবে ও আনন্দমূখর পরিবেশে পূজা উদযান করার জন্য পুলিশ পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালনসহ যেকোনো পরিস্থিতি মোকাবেলায় চুয়াডাঙ্গা জেলা পুলিশ তৎপর রয়েছে। প্রতিটি পূজা মন্ডপে নিজস্ব সেচ্ছাসেবক ছাড়াও পুলিশ ও আনসার বাহিনীর সদস্যরা সার্বক্ষণিক উপস্থিত থাকবেন। তাছাড়াও সাদা পোশাকে ডিবি, ডিএসবি মাঠে কাজ করবে। প্রতিটি পূজা মন্ডপে সিসি ক্যামেরা স্থাপন, নিজেস্ব ব্যবস্থাপনায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখাসহ বিভিন্ন বিষয়ে সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটিকে নির্দেশনা প্রদান করা হয়।

উক্ত আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা সহ বিভিন্ন রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ জেলা ও উপজেলা পূজা উদযাপন কমিটি ও হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন; সভাপতি পলাশ,সম্পাদক তানজিল

দামুড়হুদা প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বেলা সাড়ে ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত দামুড়হুদা প্রেসক্লাবের আয়োজনে দ্বি-বার্ষিক নির্বাচনে সভাপতিত্ব করেন আহ্বায়ক কমিটির আহ্বায়ক শামসুজ্জোহা পলাশ।

এসময় নির্বাচন কমিশনের দায়িত্ব পালন করেন সিনিয়র সাংবাদিক তাছির আহমেদ, আঃসালাম ও হাফিজুর রহমান কাজল। কোনো পদের বিপক্ষে প্রার্থী না থাকলেও সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্ধীতা হয়। সাধারণ সম্পাদক পদে একের অধিক প্রার্থী হওয়ায় গোপন ব্যালটে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। এপদে প্রতিদ্বন্ধীতা করেন আহ্বায়ক কমিটির সদস্য সচিব মুরশেদ বীন ফয়সাল(তানজির) ও সদস্য মোজাম্মেল শিশির।

বৈধ ২২ভোটের বিপরীতে গোপন ব্যালটে ভোটগ্রহণ শেষে ১৭ভোট পেয়ে সাধারণ সম্পাদক পদে বিজয়ী হয় মুরশেদ বীন ফয়সাল(তানজির), একমাত্র প্রতিদ্বন্ধী প্রার্থী মোজাম্মেল শিশির পেয়েছে মাত্র ৪ভোট।

এদিকে বিনাপ্রতিদন্ধীতায় বিজয়ী হয়েছেন সভাপতি পদে শামসুজ্জোহা পলাশ, সহসভাপতি পদে মিরাজুল ইসলাম মিরাজ, সহ সাধারণ সম্পাদক পদে সাজিদ হাসান সোহাগ, সাংগঠনিক সম্পাদক পদে রকিবুল হাসান তোতা, কোষাধ্যক্ষ পদে শমশের আলী, দফতর সম্পাদক পদে এসএম সুজন, প্রচার ও প্রকাশনা সম্পাদক সালেকিন মিয়া সাগর, নির্বাহী সদস্য পদে তাছির আহমেদ, আঃসালাম, হাবিবুর রহমান, মেহেদী হাসান মিলন, আরিফুল ইসলাম মিলন।

দর্শনায় জামায়াতের উদ্যোগে উলামা সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী চুয়াডাঙ্গার দর্শনা থানা ও দামুড়হুদা উপজেলার শাখার উলামা বিভাগের উদ্যোগে উলামা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (১৪ সেপ্টেম্বর) সকাল ১০ টায় দর্শনা অডিটরিয়ামে অনুষ্টিত সভায় দর্শনা থানা উলামা বিভাগের সভাপতি মাওলানা আব্দুস সাত্তারের সভাপতিত্বে ও দামুড়হুদা উপজেলা উলামা বিভাগের সভাপতি হাফেজ মাওলানা আব্দুল খালেকের পরিচালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামায়াতের কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য চুয়াডাঙ্গা জেলা আমীর ও বিশিষ্ট আয়কর আইনজীবি মোঃ রুহুল আমিন।

প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা আমীর মোঃ রুহুল আমিন বলেন, আজকে আমাদের আলেম সমাজ কওমী ও আলিয়া দু’ভাগে ভাগ হয়ে গেছে। একপক্ষ নিয়েছে রাসুলের সুরত আর আরেক পক্ষ নিয়েছে সীরাত। ফলে আমরা অসম্পূর্ন হয়ে গেলাম। অথচ আমাদের রাসুলের সুরতও দরকার সীরাতও দরকার। আমাদের শিক্ষা ব্যবস্থা থেকে ইসলাম বিদায় করা হয়েছে। ফলে আমাদের সন্তানেরা ইসলাম সর্ম্পকে অজ্ঞ থেকে যাচ্ছে। তিনি আলেম সমাজকে সচেতন হবার আহবান জানিয়ে বলেন- নিজের ঘুমিয়ে থাকা চেতনাকে জাগ্রত করে সকলে মিলে এক আল্লাহর পথে চলতে হবে। আমরা আমাদের খুতবার মাধ্যমে ঘুম পাড়ানো ইসলাম আর শেখাবো না বরং সমাজকে জাগ্রত করার ইসলাম শেখাবো। আমরা সকলে একসাথে এগিয়ে গেলে হারিয়ে যাওয়া ইসলাম পুনরুদ্ধার হবে ইনশাআল্লাহ।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমীর ও সাবেক উপজেলা চেয়ারম্যান মাওলানা আজিজুর রহমান, জেলা সহকারী সেক্রেটারী ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান আব্দুল কাদের, জেলা ওলামা বিভাগের সভাপতি মাওলানা লোকমান হোসেন, সেক্রেটারী মাওলানা হাফিজুর রহমান, মোজলিসুল মোফাচ্ছেরিনের জেলা সভাপতি মাওলানা আবু জার গিফারী, জামায়াতের দামুড়হুদা থানা আমীর মোঃ নায়েব আলী, সেক্রেটারী মাওলানা আব্দুল গফুর ও মাওলানা মাজাহারুল ইসলাম প্রমুখ।

দামুড়হুদায় মোটরসাইকেল দুর্ঘটনায় চালক নিহত আহত -৩

দামুড়হুদা উপজেলার জয়রামপুর কাঠালতলা নামক স্থানে মোটরসাইকেলের সাথে পথচারিকে ধাক্কা মেরে মোটরসাইকেল চালক বাদশা নামের একজন নিহত হয়েছে। নিহত বাদশা (২৭) চুয়াডাঙ্গা আলোকদিয়া গ্রামের সাইফুল ইসলামের ছেলে ও আহত আলাউদ্দিন (৩৫) জয়রামপুর হাজীপাড়ার মৃত হাশেমের ছেলে, সোহান(১৮) পিতা আক্তার হোসেন আলোকদিয়া চকপাড়ার ও এখলাছ উদ্দীন (২৩) একই গ্রামের নাসির উদ্দিনের ছেলে। আজ রাত ৯ টার দিকে কাঠালতলা নামক স্থানে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, চুয়াডাঙ্গা জেলার আলোকদিয়া চকপারার সাইফুল ইসলামের ছেলে বাদশা, সোহান ও নাসির ছেলে এখলাছ একটি অ্যাপাচি ফোর ভি মোটরসাইকেল(যার রেজিস্ট্রেশন নম্বর চুয়াডাঙ্গা – ল, ১২- ৮৫৩৯) দর্শনা দিক থেকে আসার পথে জয়রামপুর কাঠালতলা নামক স্থানে পৌঁছালে জয়রামপুর গ্রামের মৃত হাশেম আলীর ছেলে আলাউদ্দিন রাস্তা পার হওয়ার সময় সরাসরি ধাক্কা মারে। এতে চারজন রক্তাক্ত জখম হয়ে মেইন রাস্তায় ছিটকে পড়ে।

পরে স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কতব্যরত চিকিৎসক আলোকদিয়া চকপাড়ার সাইফুল ইসলামের ছেলে বাদশাকে মৃত ঘোষণা করে। অপরদিকে আলাউদ্দিন, সোহান ও এখলাছকে ভর্তি করে। আলাউদ্দিনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে রাজশাহী রেফার্ড করা হয়। দামুড়হুদা মডেল থানার পুলিশ খবর পেয়ে মোটরসাইকেলটি থানা হেফাজতে নেন।

দামুড়হুদা মডেল থানার এসআই বাকী বিল্লাহ সততা নিশ্চিত করে জানান কাঠালতলা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় একজন নিহত হয়েছে এবং তিনজন আহত হয়েছে নিহতর মোটরসাইকেলটি থানা হেফাজতে নেওয়া হয়েছে। কেউ কোন অভিযোগ করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

দর্শনার দোস্ত গ্রামে বাড়িসহ জোর পৃর্বক জমি দখল, ১১ মাস পরে মামলা

চুয়াডাঙ্গা সদরের দোস্ত গ্রামে বাড়িসহ জমি দখল করে নিয়েছে রাজু আহম্মেদ ও জলিল মোল্লা। এ ঘটনায়ে আজ শুক্রবার দর্শনা থানায় একটি মামলা হয়েছে।

মামলার বিবরনে জানাগেছে,২০২৩ সালের অক্টোবর মাসে চুয়াডাঙ্গার সদরের দোস্ত মৌজায় নিকট হতে ১৫নং খতিয়ান নং- আর, এস ৬৩০, দাগে ৩২৪ এর ৫.৬৮ শতক জমি ক্রয় করে মিজানুর রহমান। পরে মিজানুর রহমান দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের হাউলী গ্রামের মহাসিন আলীর কাছে বিক্রি করে। মহাসিন ঐ বাড়িতে বসবাস করা অবস্থায় চুয়কডাঙ্গা ২ আসনের সাবেক এমপি আলী আজগার টগরের নির্দেশে রাজু আহম্মেদ ও জলিল মোল্লা ঐ বাড়ি জোর পৃর্বক দখল করে মহাসিনকে জোর পৃর্বক তাড়িয়ে দেয়।

দীর্ঘ ১১ মাস পর দর্শনা থানা পুলিশ মামলা গ্রগন করে। গত বৃহস্পতিবার (১২ সেপ্টেম্বর) বিকাল সাড়ে ৫ টার দিকে মহাসিন (৪৩) মিজানুর রহমান (৩৩)ও বাদলসহ বাড়িতে উঠতে গেলে তাদের ৩ জনকে বেধড়ক মরপিট করে মোটরসাইকেল ভাংচুর করে। এ ঘটনায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের পুরাতন হাউলী পাড়ার মৃত্য ফকির মোহাম্মদের ছেলে বাদি হয়ে চুয়াডাঙ্গা সদরের দোস্ত মোল্লা পাড়ার কাদের মোল্লার ছেলে, রাজু আহম্মেদ (৩৬) জলিল মোল্লা (৫২),বিরুদ্ধে চাঁদাবাজি ও জোর পৃর্বক বাড়িসহ জমি দখলের একটি মামলা করে।

মামলা সুত্রে জানাগেছে, আমি উক্ত বিষয় নিয়ে ইতিপূর্বে বিজ্ঞ আদালতে দেওয়ানী মামলা করি বিবাদীদ্বয়ও বাদী হয়ে বিজ্ঞ আদালতে মামলা করেন। উভয় পক্ষের মামলা বিজ্ঞ আদালতে বিচারাধীন আছে। আমি নিজ নামে থাকা জমি দখল নিতে গেলে বিবাদীদ্বয় আওয়ামীলীগ সৈরাচার সরকার এর স্থানীয় নেতাদের সাহসে হুমকি ধামকি প্রদান করে উক্ত জমি ভোগ দখল হতে দূরে রাখে। পরবর্তীতে আমি আমার ক্রয়কৃত সম্পত্তি

তাদের নিকট হতে দখল নিতে চাইলে বিবাদীদ্বয় আমার নিকট হতে ১০ লক্ষ টাকা দাবী করে। আমি তাদেরকে ১০ লক্ষ টাকা দিলে তারা আমার সম্পত্তি ছেড়ে দিবে। আমি তাদেরকে বিভিন্ন সময় নগদ ৪ লক্ষ টাকা বিভিন্ন সময় প্রদান করি। তারপরও আমাকে বাড়িতে উঠতে দেয়নি।

এ বিষয়ে দর্শনা থানার ওসি তদন্ত শফিকুল ইসলামকে জিজ্ঞাসা করলে তিনি বলেন এ ঘটনায় মামলা হয়েছে। তিনি আরও বলেন আমরা তদন্ত করে আসামীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন করবো।

চুয়াডাঙ্গায় মাখালডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর উপজেলার নবগঠিত মাখালডাঙ্গা ইউপি চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বিশ্বজিৎ সাহাকে চাঁদাবাজি মামলায় গ্রেফতার করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টার দিকে চুয়াডাঙ্গা শহরের বেলগাছি রেলগেট এলাকা থেকে প্রথমে স্থানীয়রা আটক করে বিশ্বজিৎ সাহাকে। পরে স্থানীয় বিএনপি ও সাধারণ লোকজনের সহায়তাই তাকে পুলিশের নিকট হস্তান্তর করা হয়।চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের পরিদর্শক (অপারেশন) হোসেন আলী এ তথ্য নিশ্চিত করেছেন।

স্থানীয় একটি সুত্রে জানা গেছে, আজ বৃহস্পতিবার বেলা ১২টার দিকে বেলগাছি রেলগেট এলাকায় ইউপি চেয়ারম্যান বিশ্বজিৎ সাহাকে সাধারণ জনগণ পিটুনি দেন। পরে জনগণই পুলিশকে খবর দিয়ে বিশ্বজিৎ সাহাকে পুলিশের নিকট হস্তান্তর করেন। পুলিশ বিশ্বজিৎ সাহাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল থেকে প্রাথমিক চিকিৎসা শেষে থানায় নেই। দুপুরেই চাঁদাবাজি মামলায় গ্রেপ্তার দেখিয়ে আদালতে প্রেরণ করে পুলিশ।

পুলিশ সুত্রে জানা গেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার নবগঠিত মাখালডাঙ্গা ইউপি নির্বাচনে আফজাল হোসেন প্রতিদ্বন্দ্বিতা করার জন্য অংশ নেন। ওই সময় বিশ্বজিৎ সাহা ও আরশাদ আলী চন্দনসহ আরও ৪-৫

জন আফজালের দোকানে এসে ৫ লাখ টাকা চাঁদা দাবি করেন। পরে আফজালকে তুলে নিয়ে গিয়ে নগদ ১ লাখ ৫০ হাজার টাকা চাঁদা দাবি করেন। এ সময় ৫০ হাজার টাকা দিলেও তারা পরবর্তী দুই দিনের মধ্যে ৭০ হাজার টাকা দেওয়ার জন্য স্ট্যাম্পে স্বাক্ষর করে নেয়। এ সময় আফজাল হোসেনকে মারধরও করা হয়।

এই ঘটনায় গত ২৭ আগস্ট আফজাল হোসেন বাদি হয়ে চুয়াডাঙ্গা সদর থানায় বিশ্বজিৎ সাহা সহ ছয়জনের নামে একটি চাঁদাবাজি মামলা দায়ের করেন। ওই মামলার আসামী বিশ্বজিৎকে গ্রেপ্তার দেখানো হয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের পরিদর্শক (অপারেশন) হোসেন আলী বলেন, স্থানীয়রা হালকায় মারধর করেছে। পুলিশ ঘটনাস্থলে পৌছে বিশ্বজিৎ সাহাকে উদ্ধার করে সদর হাসপাতাল থেকে প্রাথমিক চিকিৎসা দিয়েছে। দুপুরেই চাঁদাবাজি মামলায় ইউপি চেয়ারম্যানকে গ্রেপ্তার করে বিজ্ঞ আদালতে পাঠানো হয়েছে।

দামুড়হুদায় বজ্রপাতে যুবকের মৃত্যু

দামুড়হুদার জয়রামপুরে মাঠে গরু চোরাতে গিয়ে বজ্রপাতে এক যুবকের মৃত্যু হয়েছে।নিহত শাহার আলী (৪০) জয়রামপুর নওদা পাড়া গ্রামের মৃত নবীছদ্দীর ছেলে।

আজ বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে জয়রামপুর নওদা পাড়া গ্রামের পুটিমারী খাল মাঠে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর নওদা পাড়া গ্রামের মৃত নবীছদ্দীনের ছেলে শাহার আলী পুটিমারী খাল মাঠে গরু চোরাতে যায়। এমন সময় বজ্রপাত হলে শাহার আলী আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কতব্যরত চিকিৎসক মেডিকেল অফিসার ডাঃ ফাহমিদা আক্তার রুনা পরিক্ষা নিরিক্ষা করে তাকে মৃত ঘোষনা করেন।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা ডাঃ হেলেনা আক্তার নিপা বলেন, বজ্রপাতে আহত শাহার আলী নামে একজনকে হাসপাতালের জরুরি বিভাগে আনা হয়েছিল। তবে হাসপাতালে পৌঁছানোর আগেই তিনি মারা যান।

মৈত্রী সফরে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধি দল

আজ বুধবার চুয়াডাঙ্গায় ছাত্র-জনতা মৈত্রী সফরে আসছেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ১০ সদস্যের কেন্দ্রীয় প্রতিনিধি দল। দিনব্যাপী বিভিন্ন কর্মসূচী পালন করবে চুয়াডাঙ্গার বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা।

জানাগেছে, জনমত গঠনসহ স্থানীয় ছাত্র-জনতার কথা শোনার জন্য কেন্দ্রীয়ভাবে সিদ্ধান্ত নিয়েছে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন। সেই ধারাবাহিকতায় জেলা সফরে যাচ্ছে প্রতিনিধি দল। খুলনা বিভাগের ১০জনকে দায়িত্ব দেয়া হয়েছে। পর্যায়ক্রমে খুলনা বিভাগের দশ জেলায় প্রতিনিধিরা একদিন করে বিভিন্ন কর্মসূচী পালন করবেন।

এরমধ্যে, স্থানীয় সমন্বয়কদের সাথে মতবিনিময়, শহীদ পরিবার ও গুরুতর আহতদের সাথে সাক্ষাৎ, স্থানীয় বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দ ও প্রশাসনের সাথে মতবিনিময় উল্লেখ যোগ্য কর্মসূচী বলে জানা গেছে। ছাত্র-জনতার মৈত্রী সফরে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্যাডে খুলনা বিভাগের দায়িত্ব দেয়া ১০জন হলেন, ওয়াহেদ উজ্জামান, আকরাম হোসাইন রাজ, আশরেফা খাতুন, আবু বকর খান, ফারহানা ফারিনা, মুইনুল ইসলাম, বিশ্বজিৎ দত্ত, তৌহিদ ইসলাম শুভ, মো. বাবু খান ও জান্নাত।

চুয়াডাঙ্গায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম শিক্ষার্থীরা বলেন, ছাত্র-জনতার মৈত্রী সফর উপলক্ষে আমাদের প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। আজ বুধবার বিকেল ২টায় চুয়াডাঙ্গা টাউন ফুটবল মাঠে একটি জনসভা ও একটি ইনডোর মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। জন সভায় শিক্ষার্থীসহ সাধারণ মানুষ অংশ নেবেন। মতবিনিময়

সভায় রাজনৈতিক ব্যাক্তিবর্গ, নেতৃত্বস্থানীয় ও সুধিজনেরা উপস্থিত থাকবেন।

শিক্ষক নিয়োগ বাণিজ্যে মূল হোতা সাবেক মনি মেম্বার ও সুনীল মাস্টার

চুয়াডাঙ্গা সদর উপজেলার মাখালডাঙ্গা ইউনিয়নের কুকিয়াচাঁদপুর প্রতিবন্ধী স্কুলে শিক্ষক নিয়োগের ভারে স্কুল নিজেই হয়ে গেছে প্রতিবন্ধী। কিছু টিন আর ভাঙ্গাচুরা ছাপড়া ছাড়া আর কিছুই চোখে বাধেনা। শিক্ষক নিয়োগ বাণিজ্যের সাথে জড়িত মূলহোতারা রয়েছেন ধরাছোঁয়ার বাইরে। শিক্ষক নিয়োগের নামে তাঁরা হাতিয়ে নিয়েছেন লক্ষ লক্ষ টাকা।

নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক ভুক্তভোগী জানান, কুকিয়াচাঁদপুর গ্রামের প্রতিবন্ধী স্কুলে শিক্ষক নিয়োগের নামে একই গ্রামের মৃত কিয়ামদ্দিনের ছেলে মনি সাবেক মেম্বার (৫৫) ও মৃত মুরালী মহন সাহার ছেলে সুনীল মাস্টার (৪৭) মোটা অংকের টাকা হাতিয়ে নিয়েছেন। এছাড়া প্রতিবন্ধী শিক্ষার্থীদের স্কুলে আনা-নেওয়ার জন্য ভ্যান ক্রয়ের নামে কয়েকজন ভ্যানচালকের কাছ থেকেও হাতিয়ে নিয়েছেন জন প্রতি ৫০ হাজার টাকা। সুনীল মাস্টার এবং মনি মেম্বার গড়ে তুলেছে তাদের সন্ত্রাসী কায়দার রাজত্ব বড় নেতা বনে গেছে নিজ এলাকায় ভুক্তভোগীরা টাকা ফেরত চাইলে দেয়া হচ্ছে ভয়-ভীতি সহ অনেক হুমকি ধামকি। এই বিষয়ে সুনীল মাস্টার ও মনি মেম্বার এর সাথে মুঠো ফোনে বারবার যোগাযোগ করার চেষ্টা করল তারা ফোন রিসিভ করেনি।

এ ঘটনায় ভুক্তভোগী পরিবারগুরো একেবারে পথে বসে গিয়েছে। অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন ভুক্তভোগীরা।

চুয়াডাঙ্গা জেলা রেজিস্ট্রারের অফিসে হামলার প্রতিবাদে দামুড়হুদায় মানববন্ধন

চুয়াডাঙ্গা জেলা রেজিস্ট্রার মোহাম্মদ আব্দুল মোতালেবের দপ্তরে গতকাল মঙ্গলবার সকালে বর্বরোচিত সন্ত্রাসী হামলার প্রতিবাদে দামুড়হুদা উপজেলা সাব রেজিস্ট্রার অফিস ও দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতি মানববন্ধন করেছে।

গতকাল মঙ্গলবার বিকেল আনুমানিক ৪টার দিকে দামুড়হুদা উপজেলা সাব রেজিস্ট্রার অফিসের সামনে এ মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতির সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক বজলুর রহমান, কোষাধ্যক্ষ শমশের আলী, দলিল লেখক সাইদুর রহমান, আঃ মজিদ, রেজাউল হক, সাজিদ হাসান সোহাগ, নকল নবিশ লিটন, সহ শতাধিক দলিল লেখক ও সাব রেজিস্ট্রার অফিসের কর্মচারীবৃন্দ।
মানববন্ধনে বক্তারা বলেন, জেলা রেজিস্ট্রারের অফিসে সন্ত্রাসী হামলার সাথে জড়িতদের গ্রেফতার দাবী করে বলেন, অনতিবিলম্বে যদি এ ঘটনায় জড়িতদের গ্রেফতার করে আইনের আওতায় না আনা হয় তাহলে কঠোর কর্মসূচি দেয়া হবে।